

অবশেষে রংপুর বিশ্ববিদ্যালয়ে শিক্ষক নিয়োগ প্রক্রিয়া শুরু ক্লাস শুরু হচ্ছে আগামী ১০ মার্চ



নিজস্ব প্রতিবেদক,
রংপুর

সদ্য প্রতিষ্ঠিত রংপুর বিশ্ববিদ্যালয়ের ছয়টি বিভাগের শিক্ষক নিয়োগের প্রক্রিয়া অবশেষে শুরু হয়েছে। এরই

মধ্যে পাঁচটি বিভাগের শিক্ষক নিয়োগের পরীক্ষা শেষ হয়েছে। আগামী ১০ মার্চ থেকে ক্লাস শুরু হবে বলে কর্তৃপক্ষ নিশ্চিত করেছে।

১) জানুয়ারি প্রথম অলেদা 'রংপুর বিশ্ববিদ্যালয়ে ক্লাস নেবেন কারা?' পিয়েরনামে একটি সংকদ প্রকাশিত হয়। এরপর বিশ্ববিদ্যালয়ের উচ্চপর্ষদের সভায় আসে।

রংপুর বিশ্ববিদ্যালয়ে গত ১৫ জানুয়ারি শিক্ষক নিয়োগ দেওয়ার কথা ছিল। কিন্তু নতুন সরকার কুমতাজ নেওয়ার পরপরই গত ১৪ জানুয়ারি শিক্ষামন্ত্রণালয় থেকে দেশের সরকারি বিশ্ববিদ্যালয়ে শিক্ষক নিয়োগ বন্ধ রাখার নির্দেশ দেয়। ফলে রংপুর বিশ্ববিদ্যালয়ের শিক্ষাকার্যক্রম অনির্দিষ্ট

হয়ে পড়ে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গত ২৮ জানুয়ারি নতুন ক্লাস শুরু হওয়ার ঘোষণা দিয়েও শিক্ষক না থাকায় তা শুরু করা সম্ভব হয়নি।

রংপুর বিশ্ববিদ্যালয়ের সিভিক ইন্ডাস্ট্রি এন্ড কারমাইকেল কলেজের অধ্যক্ষ অধ্যাপক দীপকেন্দ্র নাথ দাস প্রথম অলেদাকে বলেন, সরকারের বিশেষ হস্তক্ষেপে এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক নিয়োগের প্রক্রিয়া ত্বরান্বিত হয়। এরই মধ্যে ছয়টি বিভাগের মধ্যে পাঁচটি বিভাগের নিয়োগের পরীক্ষা শেষ হয়েছে। ১৯ ফেব্রুয়ারি বাংলা বিভাগের শিক্ষক নিয়োগের পরীক্ষা অনুষ্ঠিত হবে। আগামী ১০ মার্চ ক্লাস শুরু হবে বলে জানান তিনি।

সাবেক তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা ড. ফখরুদ্দীন আহমদ গত বছর ৬ ডিসেম্বর কারমাইকেল কলেজের ৭৫ একর জায়গার মধ্যে রংপুর বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। ভবন নির্মাণের কাজ না হওয়া পর্যন্ত রংপুর শহরের ধাপে অবস্থিত টিচার্স ট্রেনিং কলেজে অস্থায়ী ভিত্তিতে শিক্ষাকার্যক্রম পরিচালিত হবে। এরই মধ্যে দুটি অনুষদের ছয়টি বিভাগে ৩০০ শিক্ষার্থী ভর্তি করা হয়েছে।